

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ১৫, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
কমিটি বিষয়ক অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

প্রজ্ঞাপন

ঢাকা, ০২ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ/১৫ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০২.১৯.১১৬—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি)' নিম্নরূপে গঠন করেছে :

(ক) পরিষদের গঠন :

- (১) শেখ হাসিনা, প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার : চেয়ারপারসন  
(২) মন্ত্রিসভার সকল সদস্য : সদস্য

(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ :

- (১) মন্ত্রিপরিষদ সচিব  
(২) গভর্নর, বাংলাদেশ ব্যাংক  
(৩-৮) পরিকল্পনা কমিশনের সদস্যগণ  
(৯) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব

এ পরিষদে 'সচিব' বলতে সিনিয়র সচিব ও ভারপ্রাপ্ত সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(১৪৪৭১)

মূল্য : টাকা ৪.০০

## (গ) পরিষদের কার্যপরিধি :

- (১) দারিদ্র্য নিরসন কৌশলপত্র, বার্ষিক উন্নয়ন কর্মসূচি এবং অর্থনৈতিক কর্মপন্থা (পলিসি) নিরূপণের প্রাথমিক পর্যায়ে সামগ্রিক দিক-নির্দেশনা প্রদান;
- (২) পরিকল্পনা, কর্মসূচি এবং কর্মপন্থা চূড়ান্তকরণ এবং অনুমোদন প্রদান;
- (৩) উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;
- (৪) আর্থ-সামাজিক উন্নয়নে প্রয়োজনীয় সিদ্ধান্ত ও ব্যবস্থা গ্রহণ; ও
- (৫) জাতীয় অর্থনৈতিক পরিষদের দায়িত্ব পালনে সহায়ক বিবেচিত যে কোনো কমিটি গঠন।

(ঘ) পরিষদের বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(ঙ) পরিকল্পনা বিভাগ পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ফারুক আহমেদ

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)